

কমিশন কর্তৃক ২৫/০১/১২ তারিখে অনুমোদিত চার্জশীট

ক্রমিক নং	:	০১
মামলার নম্বর ও তারিখ	:	চাঁদপুর মডেল থানা মামলা নং-১৭, তাং-১০/০৩/২০১১ ইং।
তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জনাব মোস্তফা বোরহান উদ্দিন আহমেদ, উপসহকারী-পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুমিল্লা।
অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী	:	জনাব মোঃ খোরশেদ আলম (রতন), উচ্চমান সহকারী কাম কম্পিউটার অপারেটর, বি আর টি এ, কুমিল্লা, পিতা-নাছির আলী হাজরা, ধনপর্দি, চাঁদপুর।
অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	:	জ্ঞাত আয়, বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ।
তদন্তের ফলাফল	:	আসামী খোরশেদ আলম (রতন) কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে স্থাবর ও অস্থাবর মোট ৫২,৫৬,৭৭০/২০ টাকার সম্পদের ঘোষণা প্রদান করেন। দাখিলকৃত সম্পদ বিবরণীতে তিনি মোট ১২,৯৫,৪৮২/-টাকার সম্পদ গোপন করে মিথ্যা তথ্য প্রদান করেন। এছাড়া তার বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত ঋণ হিসেবে প্রদর্শিত ৭,৮৮,২৩২/-টাকাসহ স্বর্ণ বিক্রি দেখানো বাবদ ৩,৭৮,০০০/-টাকাসহ সর্বমোট (৭,৮৮,২৩২+৩,৭৮,০০০)=১১,৬৬,২৩২/-টাকা আয়ের উৎস রেকর্ডভিত্তিক গ্রহণযোগ্য নয় মর্মে তদন্তে প্রতীয়মান হয়েছে, যা তার জ্ঞাত আয় বহির্ভূত অবৈধ সম্পদ। আসামীর বিরুদ্ধে ১২,৯৫,৪৮২/-টাকার সম্পদ গোপন করে মিথ্যা তথ্য প্রদান। তার ১১,৬৬,২৩২/-টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে।
কমিশনের সিদ্ধান্ত	:	চার্জশীট দাখিলের অনুমোদন।